

# মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড

চট্টগ্রাম

## প্রেস বিজ্ঞপ্তি

### মেঘনা পেট্রোলিয়াম লিঃ এর ৪২তম বার্ষিক সাধারণ সভা

মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ৪২তম বার্ষিক সাধারণ সভা ৬ই মার্চ, ২০২১ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় “ডিজিটাল প্ল্যাটফর্মে-এ অনুষ্ঠিত হয়। উক্ত বার্ষিক সাধারণ সভায় সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব এবং কোম্পানির পরিচালক পর্যদের মাননীয় চেয়ারম্যান জনাব মোঃ আনিছুর রহমান। সভায় বিপুল সংখ্যক শেয়ারহোল্ডার ভার্চুয়ালি অংশগ্রহণ করেন। এছাড়াও সভায় কোম্পানির পরিচালকবৃন্দের মধ্যে সেলিনা আক্তার, অতিরিক্ত সচিব (অর্থ বিভাগ), অর্থ মন্ত্রণালয় ও পরিচালক, এমপিএল বোর্ড; জনাব সৈয়দ মেহদী হাসান, যুগ্ম সচিব, পরিচালক (অপারেশন্স ও পরিকল্পনা) বিপিসি ও পরিচালক, এমপিএল বোর্ড; জনাব মোঃ আসমাউল হোসেন, অতিরিক্ত সচিব (অবসরপ্রাপ্ত) ও স্বাধীন পরিচালক, এমপিএল বোর্ড; জনাব মোঃ খলিলুর রহমান, অতিরিক্ত সচিব (অবসরপ্রাপ্ত) ও পরিচালক, এমপিএল বোর্ড; জনাব শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন, উপ-সচিব (প্রশাসন-১) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও পরিচালক, এমপিএল বোর্ড; শাহ মোঃ কামরুল হুদা, সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও পরিচালক, এমপিএল বোর্ড; জনাব আবুল ফজল মোঃ নাফিউল করিম, পরিচালক, এমপিএল বোর্ড; জনাব আনোয়ারুল হক, এসইভিপি, ডেলটা লাইফ ইন্সুরেন্স কোম্পানি লিমিটেড ও শেয়ারহোল্ডার পরিচালক, এমপিএল বোর্ড; মেঘনা পেট্রোলিয়াম লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মীর ছাইফুল্লাহ-আল-খালেদ এবং কোম্পানি সচিব জনাব রেজা মোঃ রিয়াজউদ্দিন উপস্থিত ছিলেন।

উক্ত বার্ষিক সাধারণ সভায় সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ ভার্চুয়ালি অংশগ্রহণ করে তাদের বক্তব্যে কোম্পানির বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডের ভূয়সী প্রশংসা করেন এবং কোম্পানির উত্তরোত্তর সাফল্য ও সমৃদ্ধি কামনা করেন। কোভিড-১৯ মহামারী পরিস্থিতিতেও কোম্পানি ২০১৯-২০২০ হিসাব বছরে ৩০৭.৯২ কোটি টাকা কর উত্তর মুনাফা অর্জন করায় এবং শেয়ার প্রতি আয় ২৮.৪৫ টাকা হওয়ায় কোম্পানির পরিচালক পর্যদ ও কর্মকর্তা-কর্মচারীদেরকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সন্তোষ প্রকাশ করে। সভায় সর্বসম্মতিক্রমে কোম্পানির ১৫০% ক্যাশ ডিভিডেন্ড অনুমোদন করা হয়।



মোঃ আকতার হোসেন  
জেনারেল ম্যানেজার (এইচ আর)